গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে ০৯.০৬.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সরাসরি/ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ০৯ জুন ২০২৪ খ্রি.
সময় : সকাল ১০:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত স্টেকহোল্ডারগণসহ সভাকক্ষে ও ভার্চুয়ালি সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানান। অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ড. মোঃ আবুল হোসেন-কে অনুরোধ করেন। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ সম্পর্কে আলোচনা করেন। অতঃপর তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) কর্মপরিকল্পনার (২০২৩-২০২৪) অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে তিনি সভাকক্ষে উপস্থিত ও ভার্চুয়ালি সংযুক্ত সকল স্টেকহোল্ডারগণ কিভাবে অভিযোগ দাখিল করবেন সে বিষয়ে আলোচনা করেন। অনলাইন সফটওয়্যারের মাধ্যমে কিভাবে অভিযোগ দাখিল করবেন সে বিষয়টি দেখানোর জন্য এ মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ রাশেদ ভূঁইয়া-কে অনুরোধ করেন। জনাব মোঃ রাশেদ ভূঁইয়া অনলাইনে কিভাবে অভিযোগ দাখিল করতে হয় সে বিষয়ে সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করেন। এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সদস্য ও স্টেকহোল্ডার, সরাসরি এবং ভার্চুয়ালি সংযুক্ত সদস্যগণ আলোচনায় জানান যে, নির্দেশিকা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে অবহিতকরণ সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) এবং আপীল কর্মকর্তার তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগদ করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) এবং আপীল কর্মকর্তা অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) দপ্তর/সংস্থার সেবাগ্রহিতাগণকে অনলাইন/অফলাইনে অভিযোগ দাখিলের বিষয়ে উৎসাহিত করতে হবে। অনলাইন/অফলাইনে কিভাবে অভিযোগ দাখিল করবেন সে বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং প্রশিক্ষণের অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতি/হাজিরা প্রমাণক হিসেবে এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণ করবেন।

(ঘ) অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এ মন্ত্রণালয়ের এপিএ শাখায় প্রেরণ নিশ্চিত করবেন এবং মন্ত্রণালয় ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

চলমান পাতা/০২

(ঙ) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপীল কর্মকর্তা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং পরিবীক্ষণকৃত প্রতিবেদন এ মন্ত্রণালয়ের এপিএ শাখায় প্রেরণ করবেন।

০৩। পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**
ড. মহিউদ্দীন আহমদে
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৫২.২২.০০৩.২৪.**৭৬**

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: যুগ্মসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০/০৬/২০২৪

ড. মোঃ আবুল হোসেন
অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ)
ফোন: ০২-২২৩৩৫৪০০৯
ই-মেইল: abulhdr66@gmail.com